২০২৫

বাংলা

(মাইনর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-MN-T-2

(আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস)

[NEP-2020]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ফোর্ট উইলিয়াম কলেজের দু'জন লেখকের নাম উল্লেখ করে তাঁদের রচিত একটি করে গ্রন্থের নাম লেখো।

খ) 'গৌড়ীয় ব্যাকরণ' কে রচনা করেন? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

গ) কাব্য-রচয়িতাদের নাম লেখো:
বীরাঙ্গনা কাব্য, সাধের আসন, সোনার তরী, মহাপৃথিবী।

ঘ) বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক সংবাদপত্রের নাম উল্লেখ করে সম্পাদকের নাম লেখো।

ঙ) 'লোকরহস্য' প্রবন্ধ গ্রন্থটির রচয়িতার নাম লেখো। গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

চ) নাট্যকারদের নাম লেখো:
নীলদর্পণ, জনা, নূরজাহান, রক্তকরবী।

[পরের পাতায়]

ছ) শরৎচন্দ্রের শ্রেষ্ঠ সামাজিক উপন্যাসের নাম প্রকাশকাল সহ লেখো।

জ) ছোটোগল্প রচয়িতাদের নাম লেখো:
দেনাপাওনা, বেদেনী, প্রাগৈতিহাসিক, বিরিঞ্চিবাবা।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) "বিদ্যাসাগর বাংলা ভাষার প্রথম যথার্থ শিল্পী ছিলেন।" — রবীন্দ্রনাথ ঠাকুরের এই মন্তব্যের তাৎপর্য সংক্ষেপে লেখো।

খ) 'ভোরের পাখি' কাকে বলা হয়? বাংলা গীতিকবিতার ইতিহাসে তাঁর গুরুত্ব লেখো।

গ) বাংলা পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।

ঘ) টীকা লেখো (যে-কোনো **দুটি**) :
সবুজপত্র, বনলতা সেন, শাজাহান, পথের পাঁচালী।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) সাহিত্য সম্রাট কাকে বলা হয়? বাংলা উপন্যাস রচনায় তাঁর শ্রেষ্ঠত্বের পরিচয় দাও।

খ) বাংলা নাটক রচনায় মধুসূদন দত্তের কৃতিত্বের পরিচয় দাও।

গ) বাংলা ছোটগল্প রচনায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান নিরূপণ করো।

ঘ) বিদ্রোহী কবি কাকে বলা হয়? বাংলা কাব্যের ধারায় তাঁর অবদান আলোচনা করো।

———————